

ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প

পটভূমি:

স্বাধীনতার পর হতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বহু শুমারি ও জরিপ অনুষ্ঠিত হয়ে আসছে। যথাযথ প্রযুক্তির অভাবে এ সমস্ত শুমারি জরিপের তথ্য যথাযথভাবে সংরক্ষিত হয়নি। কিন্তু বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত প্রতিবেদনসমূহ শুধুমাত্র বিবিএস এর গ্রন্থাগার/সংগ্রহশালায় পাওয়া যায়। এই সমস্ত প্রকাশনাসমূহ সংখ্যায় অতি স্বল্প এবং সর্বসাধারণের ব্যবহারের জন্য পাওয়া যায় না। এমনকি গবেষক ও শিক্ষাবিদগণ ও এ সমস্ত রিপোর্ট চাহিদা মোতাবেক পায় না। কিন্তু দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে আর্থ-সামাজিক অবস্থার গতিধারা নিরূপণের জন্য এবং নীতিনির্ধারণের জন্য এ সমস্ত ঐতিহাসিক তথ্যের অতীব প্রয়োজন। এ জন্য এ সমস্ত প্রকাশনা স্ক্যান ও ডিজিটাইজেশন করা প্রয়োজন। এছাড়া বিবিএস মাসিক পরিসংখ্যান বুলেটিন প্রস্তুতের জন্য প্রায় বিভিন্ন প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহ করে থাকে। এ সমস্ত তথ্য সংগ্রহের জন্য প্রচুর জনশক্তি ও সময়ের প্রয়োজন হয়। তাই আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহার করে দ্রুত এ সমস্ত তথ্য প্রাপ্তির জন্য অনলাইনে উপাত্ত সংগ্রহ করা প্রয়োজন যাতে জনশক্তির পরিমাণ ও সময় উল্লেখযোগ্য হারে হ্রাস করা যায়।

প্রকল্পের মূল উদ্দেশ্যসমূহ:

- স্বাধীনতার পর বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত সকল প্রকাশনা ডিজিটাইজ করা;
- সমুদয় তথ্য দেশে বিদেশে ব্যবহারকারীদের নিকট সহজলভ্য করার জন্য ওয়েব এনাবেলড অনলাইন সিস্টেমে সন্নিবেশিত করা;
- বিবিধ তথ্য অনুসন্ধানের জন্য Google এর ন্যায় একটি Search Engine Develop করা;
- বিভিন্ন সংস্থা হতে Secondary তথ্য উপাত্ত অনলাইনে সংগ্রহ করে ব্যুরোর মাসিক/বাৎসরিক প্রকাশনাসহ এতদসম্পর্কিত অন্যান্য প্রকাশনা স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত করা; এবং
- জনসাধারণ, পরিকল্পনাবিদ ও নীতিনির্ধারকদের জন্য ব্যুরোর প্রকাশনাসমূহের সহজ লভ্যতা নিশ্চিত করা।

প্রকল্পের তথ্যাদি:

| | | | |
|-----|--|---|--|
| ০১। | প্রকল্পের নাম | : | ডিজিটাইজেশন অব বিবিএস পাবলিকেশন্স অ্যান্ড অনলাইন সেকেন্ডারি ডাটা কালেকশন প্রকল্প |
| ০২ | (ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | পরিকল্পনা মন্ত্রণালয়, পরিসংখ্যা ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| | (খ) বাস্তবায়নকারী সংস্থা | : | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ০৩ | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | : | ডিপিপি অনুযায়ী |
| | (ক) মোট | : | ৬৮৬.০০ লক্ষ টাকা |
| | (খ) জিওবি | : | ৬৮৬.০০ লক্ষ টাকা |
| | (গ) প্রকল্প সাহায্য | : | প্রযোজ্য নয় |
| ০৪ | প্রকল্পের মেয়াদ | : | এপ্রিল ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত |

প্রকল্পের ২০১৫-২০১৬ অর্থবছরের বরাদ্দ এবং জানুয়ারি ২০১৬ খ্রি. পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি:

| ২০১৫-২০১৬ অর্থবছরে বরাদ্দ | | ২০১৫-২০১৬ অর্থবছরে আর্থিক অগ্রগতি | | বাস্তব অগ্রগতি |
|---------------------------|--------------------|-----------------------------------|------------------|----------------|
| ক) মোট | : ৬৮৬.০০ লক্ষ টাকা | মোট | : ৩.৯৪ লক্ষ টাকা | ১০% |
| (খ) জিওবি | : ৬৮৬.০০ লক্ষ টাকা | জিওবি | : ৩.৯৪ লক্ষ টাকা | |
| (গ) প্রকল্প সাহায্য | : প্রযোজ্য নয় | প্রকল্প সাহায্য | : প্রযোজ্য নয় | |
| | | | : ০.৫৭% | |

৬৮৬